

Times Today BD

মঞ্জুরুল ইসলাম | ময়মনসিংহ | 29 June, 2025

বিএনপির যুগ্ম-মহাসচিব সৈয়দ এমরান সালেহ প্রিন্স বলেছেন, আওয়ামী প্রহসনের নির্বাচনের পার্টনার দলটির নেতা গতকাল ঢাকায় সমাবেশ করে বিএনপির ক্ষমতায় যাবার গ্যারান্টির কথা জানতে চেয়েছেন। বিনয়ের সাথে বলতে চাই, উপরে আল্লাহর ওপর ভরসা ও নীচে জনগণের ওপর আস্থা বিএনপির সবচেয়ে বড় গ্যারান্টি। যারা জনগণ দ্বারা বার বার প্রত্যাখ্যাত হয়েছে তারা জগনের ওপর আস্থার পরিবর্তে কটকৌশল করে নির্বাচন ছাড়াই ক্ষমতার স্বাদ নিতে চায়। নিরপেক্ষ নির্বাচনে তাদের প্রাপ্তি বিষয়ে তারা অবগত। কেউ কেউ বিএনপি থেকে আসন পাওয়ার জন্য বিএনপিকে চাপে রাখতে নিত্য নতুন দাবী করছে।

রবিবার (২৯ জুন) বিকালে ময়মনসিংহ জেলার হালুয়াঘাট উপজেলার সদর ইউনিয়ন বিএনপির কর্মী সমাবেশে প্রধান অতিথির বক্তব্য এসব কথা বলেন।

কর্মী সমাবেশে এমরান সালেহ প্রিন্স বলেন, যারা নির্বাচনকে ভয় পায় তারাই নির্বাচনকে বিলম্বিত ও অনিশ্চিত করতেই নন ইস্যুকে ইস্যু বানানোর পায়তারা করছে। তাদের ভিন্ন উদ্দেশ্য রয়েছে।

তিনি বলেন, লীগকে পুনর্বাসিত করতেই বিগত ১৫ বছর আওয়ামী লীগকে বাতাস করা ও তাদের প্রহসনের নির্বাচনের পার্টনাররা ভোটের সংখ্যানুপাতিক আসন ও আগে স্থানীয় সরকার নির্বাচন অপ্রাসঙ্গিক, জনগণের সাথে সম্পর্কহীন এবং গণতন্ত্র ও বাংলাদেশের রাজনৈতিক ঐতিহ্যের পরিপন্থী বিষয়ে নিয়ে তর্কযুদ্ধ করে পরিস্থিতিকে অস্থিতিশীল করে তুলছে। আধিপত্যবাদের প্রেসক্রিপশন অনুযায়ী এসব করা হচ্ছে কী না তা নিয়ে প্রশ্ন উঠেছে।

তিনি আরও বলেন, লন্ডনে প্রধান উপদেষ্টার সাথে তারেক রহমানের বৈঠকে রোজার আগেই নির্বাচনের টাইমলাইন পাবার পর কিছু দল দিশেহারা। এজন্য নির্বাচন বিলম্বিত ও সুযোগ পেলে নস্যাৎ করতে সংস্কার ও বিচার প্রক্রিয়ায় নতুন করে জটিলতা সৃষ্টি করা হচ্ছে। কর্মী

সমাবেশে তিনি সকলকে সাংগঠনিক পুনর্গঠনের পাশাপাশি নির্বাচনের প্রস্তুতি নেয়ারও আহ্বান জানিয়ে বলেন, আশা করি প্রধান উপদেষ্টা তারেক রহমানের সাথে বৈঠকে রোজার আগে নির্বাচন আয়োজনের ঐকমত্যের কথা ভুলে যান নাই। প্রতিশ্রুত সময়ে নির্বাচন আয়োজনের উদ্যোগ না হলে বিএনপি ঘরে বসে থাকবে না। রাজপথেই ফয়সালা খুঁজে নিতে হবে।

হালুয়াঘাট সদর ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স মাঠে উপজেলা বিএনপির আহ্বায়ক আসলাম মিয়া বাবুলের সভাপতিত্বে আরও বক্তব্য রাখেন, বিএনপির সাংগঠনিক সম্পাদক শরিফুল আলম, সহ-সাংগঠনিক সম্পাদক অ্যাড. ওয়্যারেস আলী মামুন, ময়মনসিংহ উত্তর জেলা বিএনপির আহ্বায়ক অধ্যাপক এনায়েত উল্লাহ কালাম, যুগ্ম আহ্বায়ক মোতাহার হোসেন তালুকদার, দক্ষিণ জেলা বিএনপির আহ্বায়ক জাকির হোসেন বাবলু, সদস্য সচিব রোকনুজ্জামান সরকার রোকন, হালুয়াঘাট পৌর বিএনপির আহ্বায়ক হানিফ মোহাম্মদ শাকের উল্লাহসহ প্রমুখ।